# দিঘলিয়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ১৯ জানুয়ারি ২০২২, বুধবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ডিসেম্বর ২০২১, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ডিসেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২১ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: ডিসেম্বর/২০২১ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয়।<br>সর্বমোট আয়-১৪,৯৬,৯১৭/৮৫<br>সর্বমোট ব্যয়-২,৬৫,৪০৩/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা যুব উন্নয়ন কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ইতোমধ্যে ০৯ টি প্রশিক্ষন ব্যাচের ২৭০ জন প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে। চলতি মাসে আরো ০১ টি ব্যাচের প্রশিক্ষন সম্পন্ন করা হবে। প্রশিক্ষনার্থীদের মাঝে প্রশিক্ষন সনদপত্র পর্যায়ক্রমে বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে মোট=১৩,২০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ভাল তবে কোভিট ১৯ এর কারণে কিছু ঋণ খেলাপী আছে তবে উপজেলা প্রশাসনের সহযোগিতার হাত বারিয়ে দিলে সকল টাকা আদায় করা সম্ভব | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে বলে মনে করেন। | | |
| ০৫ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) (খ) ইউ.ডি.এফ প্রকল্প এর যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের জন্য বাছাইকৃত প্রকল্পসমূহের মধ্যে বাস্তবায়নযোগ্য স্কীম সমূহের কাজ প্রায় সমাপ্তির পথে। অবশিষ্ট প্রকল্পগুলি ই-জিপিপি পদ্ধতি অনুসরণ করে কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীমসমূহের জন্য ই-জিপিপি পদ্ধতি অনুসরণ করে দরপত্র আহবান এর কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ঠিকাদার নির্বাচনের পর দ্রুত কাজসমূহ শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত করা হবে। উল্লেখ্য যে, ০৪ (চার)টি ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের বরাদ্দ পত্র পাওয়া গিয়েছে। ম্যানুয়ালী এলটিএম পদ্ধতি অনুসরণ করে দরপত্র আহবান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় নির্বাচিত প্রকল্পসমূহ পি, আই, সি এবং টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে যাতে নির্ধারিত সময়ের মাধ্যে উক্ত কাজগুলি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, বিশ্বব্যপী করোনা সংক্রমণের কারণে দেশের সকল প্রাথমিক বিদ্যলয় ১৭/০৩/২০২০ তারিখ থেকে ১১/০৯/২১ পর্যন্ত সরকারী ছুটি ঘোষনা করা হয়। দীর্ঘ ১৮মাস পর সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে ১২/৯/২০২১ তারিখ থেকে বিদ্যালয় চালু করা হয়েছে। সরকার নির্ধারিত রুটিন মাফিক প্রতিদিন ০২ টি শ্রেণির নিয়মিত পাঠদান পরিচালিত হচ্ছে। উক্ত পাঠদান কার্যক্রম ইউআরসি ইন্সট্রাক্টর, উপজেলা শিক্ষা অফিসার এবং ০২ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার বিদ্যালয় সমূহকে নিয়মিত পরিদর্শনের আওতায় রেখেছেন। তিনি বলেন করোনা সংক্রমণের কারনে বই না পাওয়ার কারনে শিশুদের পড়াশুনা যাতে কোন প্রকার ঘাটতি না হয় সেজন্য নতুন বছরের শুরুতেই সকল বিদ্যালয়ে শতভাগ শিশুর নিকট পাঠ্যবই পৌছে দেয়া হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। তিনি আরো বলেন ৯ নং সেনহাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তর কাম প্রহরী জনাব মোঃ মনিরুজ্জামান এবং ২৫ নং কেটলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরী কাম প্রহরী জনাব মোঃ কামরুল মোল্যা এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে তাদের বিরুদ্ধে কৈফিয়ত তলব করা হয়েছে এবং ভবিষ্যতের জন্য সতর্ক করে দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যালয়ের সকল শিক্ষাকসহ সহকারী উপজেলা শিক্ষ অফিসার এবং ইউআরসি ইন্সট্রাক্টর কে একান্তভাবে দায়িত্ব নিয়ে কাজ চালিয়ে যাওয়াসহ সকল শিশুকে পাঠ্যবই হাতে পেয়েছে সেহেতু পাঠ্যকার্যক্রম যাতে কোন প্রকার ব্যহত না হয় সভাপতি সে বিষয়ে শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। এছাড়া সকল প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরী কাম প্রহরী যাতে তাদের উপর অর্পিত দায়িত্ব কর্তব্য সঠিক ভাবে পালন করে সে বিষয়ে নজরদারী রাখার জন্য স্ব স্ব প্রধান শিক্ষকসহ উপজেলা শিক্ষা অফিসারকে খেয়াল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ইউআরসি ইন্সট্রাক্টর, স্ব স্ব স্কুলের প্রধান শিক্ষক দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা পরিবেশ ও বন কমিটির | সভায় উপজেলা পরিবেশ ও বন অফিসার জানান যে, জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও প্রতিশ্রুতি জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ গড়ার লক্ষ্যে বন, বনজদ্রব্য, বণ্যপ্রানী বৃদ্ধি, জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব অর্থাৎ প্রাকৃতিক বিপর্যয় ঝড় ঝঞ্চা, জলোচ্ছাস মোকাবেলা ও পরিবেশ সংরক্ষনে এবং জীবিকা নির্বাহের সুযোগ সৃষ্টির লক্ষ্যে অত্র উপজেলার দিঘলিয়া এম, এ, মজিদ ডিগ্রী কলেজ এর উত্তর পশ্চিম কর্ণারে অর্থাৎ ঈদগাহের পশ্চিমে খাস জমিতে মান সম্মত চারা উৎপাদনের জন্য নার্সারীটি স্থানান্তর করার জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করেন। তিনি বলেন উক্ত স্থানটি বন বিভাগের নামে কাগজ পত্র করা হলে স্থানটিতে স্থায়ী নার্সারী করা সহ বিভিন্ন স্থাপনা করা হবে এবং জমির খাজনা সহ আনুসঙ্গিক খরচ বন বিভাগ বহন করবে। তিনি বলেন গাজীরহাট ইউনিয়ন পরিষদের আওতায়ধীন মোল্লাডাঙ্গা হইতে বামনডাঙ্গা ব্রীজ পর্যন্ত রাস্ত ৩ ফুট চওড়া করার জন্য উক্ত রাস্তার পার্শ্বের গাছগুলি অপসারনের জন্য শহীদ এন্টারপ্রাইজ (প্রাইভেট) লিমিটেড কর্তৃক পত্র পেরণ করেছে। এ প্রসঙ্গে উপজেলা বন কর্মকর্তা সকলকে অবহিত করেন যে, মোল্লাডাঙ্গা মান্নান মোল্লার বাড়ি হইতে বামনডাঙ্গা ব্রীজ পর্যন্ত ৩.৫০ কিলোমিটার ফরেষ্ট্রি সেক্টর প্রকল্প থেকে বাগান করা আছে। উপকার ভোগীদের সাথে আলোচনা না করে গাছগুলি অপসারন করলে আইনগত সমস্যা সৃষ্টি হবে কারন উক্ত গাছের লভাংশ উভয় পক্ষে বিধি মোতাবেক বন্টন হবে। এমতাবস্থায় উক্ত গাছগুলি আপসারনের ব্যপারে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নার্সারীটি এম, এ, মজিদ ডিগ্রী কলেজ এর উত্তর পশ্চিম কর্ণারে ঈদগাহ খাস জমিতে স্থানান্তর করাসহ গাজীরহাট ইউনিয়নের আওতায়ধীন মোল্লাডাঙ্গা হইতে বামনডাঙ্গা ব্রীজ পর্যন্ত রাস্ত ৩ ফুট চওড়া হওয়ায় রাস্তার দু পার্শ্বের গাছগুলি অপসারন করার জন্য উপজেলা পরিবেশ ও বন অফিসারকে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবেশ ও বন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা সমাজ কল্যান কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে দ্বিতীয় ধাপে ১৫২ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় এসেছে। তন্মধ্যে দিঘলিয়া উপজেলা আছে। এক্ষেত্রে যোগ্য ভাতাভোগীদের অনলাইনে আবেদন করতে বলা হয়। অনলাইনে আবেদন করার জন্য সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, উপজেলা ডিজিটাল সেন্টার ও যে কোন স্থানে কম্পিউটার থেকে অনলাইনে আবেদন করা যাবে। তিনি বলেন প্রান্তিক জনগোষ্টির জীবনমান উন্নয়ন" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন হতে যাচ্ছে। সেখানে কামার, কুমার, জুতার কাজ, বাঁশ ও বেতেরকাজ, সেলুন, কাশা পিতল, নকশী কাথা, বাংশীবাদক ইত্যাদি শ্রেনী পেশার মানুষের জন্য প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী অনুদান দেয়া হবে। এক্ষেত্রে নির্দিষ্ট জরীপ ফরমে আবেদন করা যাবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগ্য ভাত প্রার্থীদের অনলাইনে ভাতার আবেদন করার জন্য প্রচার চালানো ও উদ্বুদ্ধ করাসহ প্রান্তিক জনগোষ্টির ও পেশাভিত্তিক লোকদের জরীপ ফরম পূরণ এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২২ সালের ৬০% পাঠ্যপুস্তক পাওয়া গিয়াছে এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বিতরণ করা হয়েছে। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের সঙ্গে আলোচনাক্রমে আগামী ০৮/০১/২০২২ খ্রিঃ তারিখ থেকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে বলে আশা ব্যক্ত করেন। তিনি আরো বলেন মাধ্যামিক ও মাদ্রাসা শিক্ষার মানন্নোয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা একাডেমিক সুপারভাইজারকে ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের আহবান জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষার্থীদের মাঝে সুষ্ট ও সুন্দরভাবে পাঠ্যপুস্কক বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধসহ কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্টা ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | বিবিধ | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, জাতীয় মৎস্য পদক ২০২২ এর প্রার্থী মনোনয়ন বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোপূর্বে সকল ইউপি | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় | উপজেলা মৎস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | আলোচনা উপজেলা মৎস্য দপ্তর | চেয়ারম্যানগণকে এবিষয়ে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে বারাকপুর ইউনিয়ন হতে ০১ জন কার্প জাতীয় মাছের পোনা উৎপাদনকারী এবং ০১ জন অপ্রচলিত রঙ্গিন মাছ উৎপাদনকারীর নাম জাতীয় মৎস্য পদক ২০২২ এর প্রার্থী হিসেবে প্রস্তাব প্রেরণের করার বিষয়ে আলোচনা করা হয়। তিনি আরো বলেন সাসটেইনেবল কোর্স্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলায় চিংড়ি চাষিদের ক্লাস্টার গঠনের কার্যক্রম চলমান রয়েছে। ইতোপূর্বে এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় পরস্পর সংলগ্ন ২৫ টি চিংড়ি চাষির ঘের নিয়ে একেকটি ক্লাস্টার গঠিত হবে। কোন ইউনিয়নে এরুপ ক্লাস্টার গঠনের উপযুক্ত এলাকা থাকলে তা উপজেলা মৎস্য দপ্তরে অবহিত করার জন্য অনুরোধ করছি। | মৎস্য পদক ২০২২ এর প্রার্থী মনোনয়ন বিষয়ে বারাকপুর ইউনিয়ন হতে ০১ জন কার্প জাতীয় মাছ উৎপাদনকারী এবং ০১ জন অপ্রচালিত রঙ্গিন মাছ উৎপাদনকারী এই দুই জনের নাম উপজেলা হতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা মহিলা বিষায়ক দপ্তর। | সভায় উপজেলা অফিসার জানান যে, দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচী (ভিজিডি) এর আওতায় ২০২১-২২ চক্রের খাদ্যশস্য বিতরণ ও সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন চলমান আছে। দিঘলিয়া ইউনিয়নে এক জন উপকারভোগী মৃত্যুবরণ করায় এক জনের খাদ্য কম উত্তোলন করা হচ্ছে। তিনি বলেন দরিদ্র মার জন্য মাতৃত্ব কাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ভাতাভোগীর স্ব স্ব হিসাব নম্বরে ভাতা প্রবেশ করছে। তিনি বলেন উপজেলা পর্যায়ে মহিলাদের প্রশিক্ষন প্রকল্পের আওতায় ১৩ মত ব্যাচের প্রশিক্ষণ চলমান আছে। তিনি বলেন মহিলাদের আত্ব-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ডিসেম্বর/২১ মাসে ২০ জন কে ৩,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের বারাকপুর ক্লাবের জন্য এক জন সংগীত শিক্ষক এর প্যানেল প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনাসহ নিয়মিত ঋণ প্রদান ও ঋণ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা পল্লী সঞ্চা ব্যাংক দিঘলিয়া | সভায় উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের অফিসার জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর লক্ষ্য দারিদ্র্য বিমোচন ও গ্রামীন অর্থনীতির উন্নয়ন করা। একটি বাড়ি একটি খামার বা পল্লী সঞ্চয় ব্যাংকের সকল খিলাপী সদস্যদের ঋণ আদায় করার জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, অফিসার্স ইন-চার্জ দিঘলিয়া, খুলনাসহ সংশ্লিষ্ট দপ্তর প্রধানের কাছে সার্বিক সহযোগিতা কামনা করেন। এক এক প্রকল্প হতে সম্পদের ঋণ (গরু, ঢেউটিন) বাবদ মাত্র ১৫০০০/- (পনের হাজার) টাকা পরিশোধ করার জন্য বলেন। তিনি আরো বলেন সরকারি কল্যন অনুদানের সর্বচ্চ ৪৮০০/- টাকা সমিতির ফান্ড হিসাবে প্রদান করা হয়। কোন সদস্যের ব্যক্তিগত ফান্ড হিসেবে প্রদান করা হয়নি। সুতারং সরকারি নির্দেশনা কল্যান অনুদানের সমুদয় টাকা সমিতির ফান্ড হিসেবে বিদ্যমান থাকবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, ইজিপিপি এর যে অর্থ ছার করেছে তার কপি উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস পেয়েছে। তার ধারাবাহিকতায় তাদের দপ্তর থেকে পত্র জারি করেছেন। সে মোতাবেক পাঁচটি ইউনিয়ন থেকে নামের তালিকা পাওয়া গেছে। কিন্তু একটি ইউনিয়ন থেকে এখনও পর্যন্ত নামের তালিকা পাওয়া যায়নি। যে ইউনিয়ন থেকে এখনও পর্যন্ত নামের তালিকা পাওয়া যায়নি সে ইউনিয়ন হতে দ্রুত নামের তালিকা প্রেরণের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে যে ইউনিয়ন হতে নামের তালিকা পাওয়া যায়নি তা দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগন |
| ১৪ | উপজেলা কৃষি দপ্তর | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলায় বোরো মৌসুমে হাইব্রড জাতের আবাদ ৩৫৭৫.০০ হেঃ ও উফশী বোরো জাতের আবাদ ১০০০.০হেঃ মোট ৪৫৭৫.০০ আবাদ হয়েছে এ ছাড়া শীতকালীন সব্জী ৩০০.০০ হেঃ আবাদ হয়েছে, পোকা মাকড়ের আক্রমন কম থাকায় ফসলের অবস্থা ভাল। জানুয়ারী/২০২২ মাসের রাসায়নিক সারের মজুদ ইউরিয়া- | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত | উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৯৭.০০ মেঃটন, টিএসপি ৫১.০০ মেঃ টন, ডিএপি ১৪০ মেঃ টন, এমওপি-২৫.০০মেঃটন, সারের মজুদ সন্তোষজনক বিসিআইসি সার বিক্রেতা, বিএডিসি সার বিক্রেতা ও খুচরা সার বিক্রেতাদের সরকারের নিধারিত মূল্যে সার বিক্রয় নির্দেশ দেওয়া হয়। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের দায়িত্ব পালনের জন্য বলা হয়। | গৃহীত হয়। | |
| ১৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর পক্ষে আর এম ও জানান যে, বর্তমানে কোভিড -১৯টি দ্রুত গতিতে ছড়িয়ে পরছে। তিনি বলেন এ উপজেলায় করোনা প্রতিরোধের টিকার প্রথম ডোজ ৮৫,৮৩৭ জনকে, দ্বিতীয় ডোজ ৫৬,৫৬৭ জনকে, এবং তৃতীয় ডোজ ১৫,৭৫৬ জনকে প্রদান করা হয়েছে। তিনি বলেন ওমিক্রন সংক্রামনের রোগীর ক্ষেত্রে রোগীর শরীরে যদি অন্য কোন রোগ না থাকে তাহলে ১০-১২ দিনের মধ্যে সুস্থ্য হয়ে যাচ্ছে। এ উপজেলায় নতুন করে ৩ জনের শরীরে করোনা সংক্রমন সনাক্ত হয়েছে। তিনি বলেন বাড়ির বাহিরে গেলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে। তিনি আরো বলেন সংক্রমন প্রতিরোধের ক্ষেত্রে সরকারের দেওয়া সকল প্রকার নির্দেশনা প্রতিপালনের জন্য সকলকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা প্রতিরোধের ক্ষেত্রে বাড়ির বাইরে গেলে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ সরকারের দেওয়া সকল নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি। | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, তার ইউনিয়নে যে রেশন ডিলার রয়েছে তারা সবাই দিঘলিয়া সদরের বাসিন্দা হওয়ায় এক্ষেত্রে রেশন বিতরনের সময় রেশন কার্ডধারীদের রেশন উত্তোলনের সময় নিজ এলাকা ছেড়ে অন্য এলাকায় এসে রেশন এর চাউল উত্তোলন করতে তাদের পরিবহন খরচসহ নানা রকম ভোগান্তির স্বীকার হতে হয়। এক্ষেত্রে রেশন এর কার্ডধারিদের সুবির্ধাথে রেশন ডিলারদের স্ব স্ব এলাকায় গোডাউন নিয়ে তারা যাতে রেশনের চাউল বিতরণ করে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, অফিসার কে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রেশন কার্ডধারিদের সুবির্ধাথে রেশন ডিলারা স্ব স্ব এলাকায় গোডাউন নিয়ে রেশনের চাউল বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যা নিয়ন্ত্রক, অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি। | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তার ইউনিয়নে যে রেশন ডিলার রয়েছে তার বিরুদ্ধে নানাবিধ অনিয়মের অভিযোগ রয়েছে। তিনি এ ব্যপারে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিঘলিয়া, খুলনা কে অনুরোধ করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে রেশন ডিলারের বিরুদ্ধে অনিয়মের অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যা নিয়ন্ত্রক, অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | চেয়ারম্যান যোগীপোল ইউপি। | সভায় চেয়ারম্যান যোগীপোল ইউপির পক্ষে প্যানেল চেয়ারম্যান ১ বলেন যে, বর্তমানে তাদের ইউনিয়নের গবাদি পশুর ক্ষুরা রোগের প্রাদুর্ভব বেড়ে গিয়েছে। তিনি এ বিষয়ে উপজেলা প্রানিসম্পদ অফিসারকে তার অফিস থেকে যে কোন একজন ভেটেরিনারি চিকিৎসক প্রেরণ করে তার মাধ্যমে গবাদি পশুর চিকিৎস দেওয়ার জন্য তিনি অনুরোধ করেন। তিনি বলেন যোগীপোল ইউনিয়নে যে খুচরা সার ডিলার রয়েছে সে ঠিকমত দোকান খোলেন না। ডিও উত্তোলন করেন তা অন্যত্র বিক্রী করে দেন। এতে করে যোগীপোল ইউনিয়নের সাধারন কৃষকরা জমির ফসল ফলাতে সার প্রয়োগের ক্ষেত্রে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। সে জন্য তিনি উপজেলা কৃষি অফিসারকে তার ইউনিয়নের নিয়মিত সার ডিলার নিয়োগ করার জন্য সুপারিশ করেন। যাতে সাধারন কৃষকের সমস্যা সমাধান হয়। তিনি বলেন তার ইউনিয়নের জন্য যে ডিপ টিউবয়েল স্থাপন করা হয়েছে তাতে ভাল পানি পাওয়া যায় না। এ জন্য বেশি গভীরে টিউবওয়েল স্থাপন করা প্রয়োজন। তিনি আরো বলেন তাদের ইউনিয়নে আইটি পার্কের জায়গা ভরাট করার কারনে ঐ সমস্ত এলাকায় জলবদ্ধতা সৃষ্টি হয়েছে। উক্ত জলবদ্ধতা দূরিকরণের লক্ষ্যে একটি ড্রেন নির্মাণ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগীপোল ইউনিয়নে গবাদি পশুসমূহের ক্ষুরা রোগ দেখা দেওয়ায় উহা নিরসনকল্পে উপজেলা থেকে একজন ভেটেরিনারি চিকিৎসকে তদারকির দায়িত্ব প্রদান করা, সার ডিলার নিয়োগের ব্যবস্থা করা, সুপিয় পানির সরবরাহের লক্ষে আরো গভীরতায় ডিপ টিউবলেয় স্থাপন করা, এবং আইটি পার্কের জলবদ্ধতা নিরসনকল্পে | উপজেলা প্রানিসম্পদ অফিসার, উপজেলা কৃষি অফিসার, ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রয়োজনীয় ড্রেন নির্মাণ এর ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর | প্রস্তাব-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় নির্বাচিত স্কীমসমূহের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্পসমূহের অধিকাংশ কাজ শেষ হয়েছে। অবশিষ্ট স্কীমসমূহের কাজ টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্যাকেজভূক্ত করা হয়েছে যা পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে দরপত্র আহবান করা হবে। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিলের কাজ যাতে দ্রুত বাস্তবায়নয়িত হয় তার জন্য সকল সদস্য একমত পোষনপূর্বক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ২০ | (১) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-১৯ (জাইকা) | প্রস্তাব -২: উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-১৯ (জাইকা) এর আওতায় দিঘলিয়া উপজেলাধীন সেনহাটি ইউনিয়নের হাজীগ্রাম ২ নং ওয়ার্ডের নজরুল শেখ এর দোকান হতে এবং জাফর ফরাজীর বাড়ি হতে নদীর তীরের দিকে গ্রামবাসীর স্বাস্থ্য উন্নযনের জন্য সারফেস ড্রেন & আরসিসি স্লাব নির্মাণ কাজের ঠিকাদার মেসার্স সৈয়দ জিয়াউল হক কাজদিয়া আলাইপুর, রুপসা কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর স্পেসিফিকেশন মোতাবেক কাজ সমাপ্ত হয়েছে । এমতাবস্থায় ঠিকাদারের বিলের আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রকল্পের কার্যক্রম এর বিল প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । | সভায় বিস্তারিত আলোচনান্তে জাইকা এবং জিওবি এর অর্থায়নে উক্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিল প্রস্তুত পূর্বক প্রকল্প কার্যালয়ে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| | (২) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০২০-২১ (প্রস্তাব) | উপজেলা প্রকৌশলী সভায় আরো জনান যে, জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০২০-২০২১ অর্থবছরে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের নির্দেশনার প্রেক্ষিতে ১০,০০,০০০/- টাকার ৭টি উপ-প্রকল্প প্রস্তবনা তৈরী পূর্বক প্রকল্পের প্রধান কার্যলয় প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, জনস্বাস্থ্য-প্রকৌশল ভবন, কাকরাইল ঢাকা বরাবরে প্রেরণ করা আবশ্যক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থবছরের উপ-প্রকল্প প্রস্তবনা তৈরী পূর্বক প্রকল্পের প্রধান কার্যালয় প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, জনস্বাস্থ্য-প্রকৌশল ভবন, কাকরাইল ঢাকা বরাবরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (৩) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের ইউজিডিপি প্রকল্পের পত্রিকা বিজ্ঞাপনের বিল। | উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা পরিচালন ও উনন্নয়ন প্রকল্পের/২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের দিঘলিয়া উপজেলার বারাকপুর ইউনিয়ন, দিঘলিয়া ইউনিয়ন এবং সেনহাটি ইউনিয়নের গ্রামবাসীর স্বাস্থ্য উন্নয়নের জন্য সারফেস ড্রেন & আরসিসি স্লাব নির্মাণ কাজের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়। উক্ত ০৪ (চার) টি পত্রিকা বিজ্ঞাপনের বিল পৃথক পৃথক ভাবে মোট ৬৮,৩৬১/- টাকার বিল দাখিল করেছেন। যা পরিশোধ করা প্রয়োজন সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা জন্য উপস্থাপন করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের পত্রিকার বিল মোট ৬৮,৩৬১/ টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৪) উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে কামারগাতী খেয়াঘাট মেরামত সংক্রান্ত। | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত ডিসেম্বর/২১ মাসের মাসিক সভাল সিদ্ধান্ত মোতাবেক কামারগাতীর খেয়াঘাট মেরাতমের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের প্রয়োজন সভায় উপস্থাপন করা হলো। | সভায় বিস্থারিত আলোচনান্তে জনগনের পারাপারের সুবিধার্থে প্রাক্কলনটি অনুমোদন করা হলো এবং কাজটি দ্রুত বাস্তাবয়নের নিমিত্তে RFQ পদ্ধতি অবলম্বন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (৫) আসবাবপত্র ক্রয় সংক্রান্ত। | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদসহ বিভিন্ন দপ্তরের চেয়ার, টেবিল দীর্ঘদিনের পুরাতন হওয়ায় তা অধিকাংশ ভেঙ্গে ও নষ্ট হয়ে যাওয়ার কারনে নতুন আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩ নং ক্রমিকের (ছ) অনুচ্ছেদে আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত থেকে ক্রয় করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে চেয়ার, টেবিল, ও অন্যান্য মালামাল ক্রয়ের লক্ষে ২,০০,০০০/- টাকার প্রাক্কলন ও একটি প্রকল্প কমিটি আগামী সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২১ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ট্রান্সফোর্স কমিটির সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সেনহাটি ইউনিয়নের মোমিনপুরে নতুন করে ১১টি ঘর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন দিঘলিয়া ইউনিয়নে নতুন করে জায়গা ক্রয় করে সেইখানে আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মান করা হবে। তিনি আরো বলেন দেয়াড়া কলোনীতে যে জায়গা আছে সেইখানে নান্দনিক বহুতল ভবন তৈরী করা জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ন প্রকল্প-২ এ সুপারিশ প্রেরণ করা হবে। তিনি আরো বলেন স্কুলের ছাত্র ছাত্রীদের টিকা প্রদানের জন্য সার্বাক্ষনিক বিদ্যুৎ ও এসি সুবিধাসহ রুম প্রয়োজন। এ প্রেক্ষিতে মাধ্যমিক শিক্ষা অফিসের জেনারেটর মেরামত করা প্রয়োজন। এছাড়া পরিষদের জোড়া কোয়াটারে রান্নাঘর জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের টয়লেটে মেরামত করা প্রয়োজন। তিনি আরো বলেন সাবরেজিস্টারের কার্যালয়ে সিসি ক্যামেরার আওতায় আনাসহ কয়েকটি নষ্ট সিসিটিভি মেরামত করা প্রয়োজন। তিনি আরো বলেন মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ যথাযথ মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আনুষঙ্গিক খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- টাকা ব্যয় নির্বাহের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে দেয়াড়া কলোনীতে যে জায়গা আছে সেইখানে নান্দনিক বহুতল ভবন তৈরী করা জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ন প্রকল্প-২ এ সুপারিশ প্রেরণ করারসহ শিক্ষা অফিসের জেনারেটর ও জোড়া কোয়াটারে রান্নাঘরসহ প্রকল্পা বাস্তবায়ন অফিসের টয়লেটে মেরামত করাসহ সাবরেজিষ্ট্রারের কার্যালয়ে সিসি ক্যামেরা স্থাপন ও নষ্ট সিসিটিভি মেরামত এবং শহীদ দিবস উদযাপন উপলক্ষে আনুসঙ্গিক খরচ বাবদ ২০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ২২ | চেয়ারম্যান | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, অত্র উপজেলায় যে সকল রেশন ডিলার রয়েছে তাদের কাছে যে কার্ডের তালিকা রয়েছে তারা | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতিটি | উপজেলা চেয়ারম্যান, |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | অনেক ক্ষেত্রে রেশন এর চাউলে উত্তোলন করেন না। এ ক্ষেত্রে প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে পূণরায় রেশন কার্ড যাচাই বাছাই করে নতুন তালিকা উপজেলা খাদ্যনিয়ন্ত্রক এর কার্যালয়ে তালিকা প্রেরনের জন্য বলেন। তিনি আরো বলেন রেশন কার্ডধারীদের ক্ষেত্রে যদি কোন ব্যক্তি সরকারের একাধিক সুবিধা পেয়ে থাকে সেক্ষেত্রে বিশেষ করে ভিজিডি এর চাউল পেয়ে থাকে তাহলে তাদের যে কোন একটি কার্ড বাতিল করে পুনরায় নতুন প্রকৃত প্রাপকের মাঝে কার্ড বিতরণ করার কথা বলেন। তিনি আরো বলেন উপজেলা পরিষদের ননগেজেটেড কোয়ার্টার বনলতা নিচতলার পূর্বপাশ্বের দুইটি রুম এর প্লাস্টার নষ্ট হয়ে যাওয়ার কারনে প্রতিনিয়ত বালু ঝরে ঝরে পড়ায় বসবাসকারী পরিবার নিয়ে বসবাস করা অনুপযোগী হয়ে পরেছে। বিধায় উক্ত দুইটি রুমের প্লাস্টার, রং করন ও মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। | ইউনিয়নে রেশন কার্ডের তালিকা যাচাই বাছাই করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে তালিকা প্রেরণসহ ননগেজেটেড কোয়ার্টারের দুইটি রুম প্লাস্টার, রং করন ও মেরামত জন্য উপজেলা প্রকৌশলীকে আগামী সভায় প্রাক্কলন প্রস্তুত পূর্বক উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উ[illegible] নির্বা[illegible] অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা খাদ্যনিয়ন্ত্র[illegible] অফিসার, এবং সং[illegible] ইউপি চেয়ারম্যান দিঘলিয়া, খুলনা। |

**ডিসেম্বর, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর /২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর /২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর ডিসেম্বর /২০২১ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর ডিসেম্বর /২০২১ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর ডিসেম্বর /২০২১মাসের ভ্রমণ বিল বাবদ ১১,২৫০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নভেম্বর /২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নভেম্বর /২০২১ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মেসার্স নিশাত এন্টার প্রাইজ, দিঘলিয়া, খুলনা এর নামে ইউ এন ও স্যারের বাসভবনের বাউন্ডরি ওয়াল নির্মাণ কাজের বিল বাবদ=৪,০০,০০০/-<br>১৩।, মেসার্স রিয়ান ট্রেডার্স তেরখাদা, খুলনা এর নামে দিঘলিয়া উপজেলা আনসার ভিডিপি ব্রারাক নির্মাণ কাজের খন্ড বিল বাবদ=৫,০১,১২৪/-<br>১৪। মোঃহাকিম মল্লিক অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের টেলিফোন বিল বাবদ =৭,৮৯২/-<br>১৫। মেসার্স খুলনা ফিলিং স্টেশন দৌলতপুর পাবলা, খুলনা এর নামে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী তেলের বিল =৪৩,৫৫০/-<br>১৬। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ০৪ টি মিটারের বিদ্যুৎ পরিশোধ বাবদ=১৯,২২৬/- | ১১,৬৫,৫৯২/- |

অতঃপর আর কোন আলোচ্য  বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ১৬১

তারিখ:  ১৯.০১.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪,   যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, ........................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ..........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া,  খুলন

১৯/০১/২০২২

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২